24

দৈনিক ইনকিলাব

তারিখ ... 30 AUG 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৩

## শিক্ষাঙ্গনে

### মান উন্নয়ন পরীক্ষার সুযোগ দান করুন

আমরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৩ সালের ডিগ্রী (পাস) পরীক্ষায় ৩য় বিভাগে উত্তীর্ণ হই। পরবর্তীতে উক্ত বিশ্ববিদ্যালয়ের ১৯৯৪ সালের ৩০ নভেম্বর অনুষ্ঠিতব্য ডিগ্রী (পাস) পরীক্ষার নিয়ম অনুযায়ী প্রবর্তিত মান উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশ্যে নির্ধারিত সময়ের মধ্যে বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রী ফরম পূরণ করি।

কিন্তু আমাদের পূরণকৃত ফরমসমূহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিভিন্ন কলেজে ফেরৎ পাঠিয়ে ফরম গ্রহণে অস্বীকৃতি জানায়। বিশ্ববিদ্যালয়ের যুক্তি হলো, যারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রেজিস্ট্রিকৃত নয় এমন ছাত্র-ছাত্রীদের জন্য মান উন্নয়ন পরীক্ষার সুযোগ গ্রহণযোগ্য নয়। এই প্রসঙ্গে আমাদের বক্তব্যঃ উক্ত রেজিস্ট্রেশনের ব্যাপারে আমরা কোন প্রকারে দায়ী হতে পারি না। বিশেষ করে এই রেজিস্ট্রেশনের ব্যাপারে অপরিহার্যতার প্রশ্নটি আমাদের ফরম পূরণের পূর্বে কেন উক্ত বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত কলেজগুলোকে অবহিত করা হলো না? এই উদ্ভূত পরিস্থিতির দায়ভার কারা বহন করবে?

উল্লেখ্য, আইনের ধারা মতে, দেশের কলেজসমূহ আমাদের মান উন্নয়ন পরীক্ষার ফরম পূরণে বাধা দেয়নি, তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত ৬-১২-৯৩ তারিখের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) রেগুলেশান ১৯৯২ সালের ৩৭ নং আইনের ৪৬ নং ধারা মোতাবেক সম্পূর্ণ পরিষ্কারভাবে লিখিত যে, ডিগ্রী (পাস) পরীক্ষায় তৃতীয় বিভাগপ্রাপ্ত পরীক্ষার্থীগণ পরীক্ষা পাসের পরবর্তী বছর মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারবে। এবং এই সুযোগ শুধুমাত্র একবার পাবে। বিশেষভাবে লক্ষণীয় যে, পূর্ববর্তী তিনটি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রিকৃত পরীক্ষার্থীদের ব্যাপারে উক্ত আইনে কিছু বলা হয়নি। তাছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয় সৃষ্টির পর আমাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ছাত্র হিসাবে স্বীকৃতি প্রদানপূর্বক আমাদের স্নাতক (পাস) পরীক্ষা গ্রহণ করে ইতোমধ্যে ফলাফল প্রকাশ করা হয়েছে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের সনদও প্রদান করা হবে। তাই সঙ্গত কারণে আমাদের প্রশ্নঃ

১। কিভাবে আমরা বাইরের ছাত্র হলাম? ২। কেনই বা একই বিশ্ববিদ্যালয়ের ছাত্র হয়ে আমরা এই সুযোগ থেকে বঞ্চিত হব এবং কিভাবে একই বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য পৃথক দুই ধরনের আইন বলবৎ রয়েছে? ৩। আমরা ইতোপূর্বে চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ পরীক্ষার প্রস্তুতি অব্যাহত রেখেছি। ৪। দেশের বিপুলসংখ্যক এই মান উন্নয়ন পরীক্ষার্থীর ভবিষ্যৎ কি হবে? ৫। পূর্বে কোন নির্দেশ সম্পর্কে অবহিত না করে অন্তর্বর্তীকালীন কোন আইনের গ্রহণযোগ্যতা কতটুকু এবং উচ্চ শিক্ষার সুযোগ গ্রহণের ক্ষেত্রে কতটুকু সহায়ক হবে?

আশা করি, উপরোক্ত আবেদনের বাস্তবতা, গ্রহণযোগ্যতা ও অসংখ্য ছাত্র-ছাত্রীর ভবিষ্যতের প্রতি লক্ষ্য রেখে মানবিক ও আইনের দৃষ্টিকোণ দ্বারা বিষয়টি সদয় বিবেচনার জন্য মাননীয় শিক্ষা মন্ত্রী, শিক্ষা সচিব ও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট বিনীত অনুরোধ করছি।

সরকারী বাণিজ্য ও সরকারী সিটি কলেজের ডিগ্রী মান উন্নয়ন পরীক্ষার্থীদের পক্ষে—

—মোঃ কামরুল হাসান,
৩২, উত্তর নালাপাড়া,
চট্টগ্রাম-৪০০০।

### ডিগ্রীতে ভর্তির ফরম পূরণের সময় চাই

আমরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৪ সনের বিএ (পাস) পরীক্ষার্থী। বিভিন্ন কারণে আমরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের দেয়া সময়ের মধ্যে ফরম পূরণ করতে পারিনি। এমতাবস্থায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যদি আমাদের পুনরায় ফরম পূরণের সময় না দেন তাহলে হাজার হাজার ছাত্রের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে যাবে। তাই আমাদের ভবিষ্যতের কথা চিন্তা করে ভর্তি ফরম পূরণের পুনরায় সময় দেয়ার জন্য কর্তৃপক্ষের নিকট বিনীত অনুরোধ জানাচ্ছি। —সাজ্জাত, কাজল, মাসুদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।